



বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন
www.bim.gov.bd



সূত্র নং : ৩৬.০৭.০০০০.০০৯.২৮.০০৮.১৯.২৪৮

তারিখ : ১৯/০৭/২০২০খ্রিঃ

বিষয় : "সরকারি অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

পত্রে উল্লেখিত বিষয়বস্তুর আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এবং সরকারের নতুন নতুন আইন-বিধিবিধান কর্মক্ষেত্রে প্রয়োগের ও সুশাসন সংহতকরণ প্রয়োজনে অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সরকারি/স্বায়ত্বশাসিত/কর্পোরেশন/প্রকল্প-এ মধ্যম ও কনিষ্ঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনায় আগামী ১৮ - ২০ আগস্ট, ২০২০ খ্রিঃ রোজ মঙ্গল-বৃহস্পতিবার পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী "সরকারি অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ বিআইএম, ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। জনপ্রতি প্রশিক্ষণফি ৬,০০০/- (ছয় হাজার) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতীত) মাত্র, যা নগদে/পে-অর্ডার/চেকের মাধ্যমে মহাপরিচালক, বিআইএম, ঢাকা বরাবর পরিশোধযোগ্য।

প্রশিক্ষণে নিম্নোক্ত বিষয়সমূহের উপর গুরুত্ব আরোপ করা হবেঃ

- অফিস ব্যবস্থাপনা
- সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯
- নথি ব্যবস্থাপনা
- সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮
- রেকর্ড ব্যবস্থাপনা
- জাতীয় শুদ্ধাচার কৌশল
- সভা ও দাপ্তরিক যোগাযোগ
- তথ্য অধিকার আইন, ২০০৯

প্রশিক্ষণের সময়ঃ সকাল ১০.০০ টা হতে দুপুর ১২.৩০টা এবং দুপুর ২.০০টা হতে বিকাল ০৪.৩০ টা পর্যন্ত।

মাধ্যমঃ Zoom Online Meetings ব্যবহারের মাধ্যমে।

সনদঃ প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারীদের মাঝে সনদ সরবরাহ করা হবে।

প্রশিক্ষণ পদ্ধতিঃ বক্তৃতা, আলোচনা, প্রশ্নোত্তর পর্ব ও ঘটনা বিশ্লেষণ ইত্যাদি।

নমিনেশন জমা দেয়ার শেষ সময়ঃ ১৬ আগস্ট, ২০২০ খ্রিঃ।

কোর্স সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য কোর্স-সমন্বয়কারি (এম.আমিনুর, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা, মোবাইল: ০১৭১৬-৫৫১৬৬১, ই-মেইল: amenoor.bim@gmail.com) সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপরোক্ত শিরোনামের প্রশিক্ষণে প্রতিনিধি মনোনয়নে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

(এম.আমিনুর)

উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা
ও বিভাগীয় প্রধান, অর্থ ও হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা
এবং কোর্স সমন্বয়কারী, বিআইএম।